গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
(ক্রীড়া-২ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং- ৩৪.০২.০২০০.০৮০.১১.০০২..৯৬(অংশ-১)- ৬৩৮ তারিখঃ ১০ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ
২৫ অক্টোবর,২০১৬ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন সচিবালয়ের স্মারক নং-৮০.৩০১(গোপনীয়)/অংশ-১৯৮৭/২০১৫/১৭৬ তারিখ-০৩-০৮-২০১৬-এর সুপারিশ মোতাবেক যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন ক্রীড়া পরিদপ্তরের "জেলা ক্রীড়া কর্মকর্তা" -এর স্থায়ী পদে নিম্নবর্ণিত প্রার্থী-কে সন্তোষজনক স্বাস্থ্য প্রতিবেদন এবং পুলিশ প্রতিবেদনের প্রেক্ষিতে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর টাঃ ২২০০০-৫৩,০৬০/-বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হ'ল ঃ-

| ক্রঃ নং | নাম/পিতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|
| ০১। | জনাব আল আমিন<br>পিতা- আবু বকর সিদ্দিক | গ্রাম- উত্তর ভাট্টা পার দিয়াকুল, ডাকঘরঃ পার দিয়াকুল,<br>উপজেলা-কটিয়াদী, জেলা-কিশোরগঞ্জ। |

শর্তাবলী ঃ-

০১। এই পদে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২(দুই)বৎসর তার চাকুরী শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে।

০২। শিক্ষানবিসকালে তার আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতীত তাকে চাকুরী হতে অপসারণ করা হবে।

০৩। চাকুরী জ্যেষ্ঠতা সরকারী বিধি-বিধান মোতাবেক নির্ধারিত হবে।

০৪। এ পদের জন্য যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদি(যদি থাকে) সম্পন্ন হওয়ার পর এবং শিক্ষানবিসকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে ০২(দুই)বৎসর পর তার চাকুরী স্থায়ী করা হবে।

০৫। এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে। এ ছাড়া সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারাও তার চাকুরী নিয়ন্ত্রিত হবে।

০৬। বর্তমানে কোন সরকারি বা বেসরকারী দপ্তরে কর্মরত থাকলে যোগদানের সময় উক্ত কর্তৃপক্ষের অব্যাহতি পত্র দাখিল করতে হবে।

০৭। চাকুরীতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০/-(তিনশত)টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না।

০৮। নিয়োগকৃত প্রার্থীকে আগামী ২৫/১১/২০১৬ তারিখের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব বরাবরে যোগদান করতে হবে। উক্ত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯। চাকুরী হতে ইস্তফা প্রদানের প্রয়োজন হলে ০২(দুই) মাস পূর্বে কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে তিনি চাকুরীতে অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে সরকারি বিধি-বিধান অনুযায়ী শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। চাকুরীর আবেদনে প্রার্থী কর্তৃক যে সকল তথ্য ও কাগজপত্র দাখিল করা হয়েছে তা জাল- জালিয়াতি বা তাঞ্চকতাপূর্ণ প্রমাণিত হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। এ চাকুরীতে যোগদানের জন্য তাঁকে কোন প্রকার ভ্রমণ ভাতা/ দৈনিকভাতা প্রদান করা হবে না।

০২। **জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল এবং এ নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।**

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

স্বাক্ষরিত/-
(সিরাজুছ ছালেকীন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৫৬১।

উপ-পরিচালক
বাংলাদেশ সরকারী ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।(পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

স্মারক নং- ৩৪.০২.০২০০.০৮০.১১.০০২.৯৬-১৩৮ তারিখঃ- ২৫ অক্টোবর, ২০১৬।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ-

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব, অর্থ-বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।

০৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।

০৫। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেইজ) সেগুনবাগিচা, ঢাকা।

০৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

১০। জনাব আল আমিন, পিতা- আবু বকর সিদ্দিক, গ্রাম– উত্তর ভাট্টা পার দিয়াকুল, ডাকঘরঃ পার দিয়াকুল, উপজেলা-কটিয়াদী, জেলা-কিশোরগঞ্জ।

(সিরাজুছ ছালেকীন)
সহকারী সচিব